

🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০: ৯

💵 আরবি মূল আয়াত:

وَ هَل اَتْنكَ حَدِيثُ مُوسلى ﴿٩﴾

আর তোমার কাছে কি মূসার কথা পৌঁছেছে? — আল-বায়ান
মূসার কাহিনী তোমার কাছে পৌঁছেছে কি? — তাইসিরুল
মূসার বৃত্তান্ত তোমার কাছে পৌঁছেছে কি? — মুজিবুর রহমান

And has the story of Moses reached you? - — Sahih International

- ৯. আর মূসার বৃত্তান্ত আপনার কাছে পৌছেছে কি?(১)
 - (১) পূর্ববতী আয়াতসমূহে কুরআনুল করীমের মাহাত্ম্য এবং সে প্রসঙ্গে রাসূলের মাহাত্ম্য বর্ণিত হয়েছে। এরপর আলোচ্য আয়াতসমূহে মূসা আলাইহিস সালাম-এর কাহিনী বর্ণনা করা হয়েছে। উভয় বিষয়বস্তুর পারস্পরিক সম্পর্ক এই যে, রেসালাত ও দাওয়াতের কর্তব্য পালনের পথে যেসব বিপদাপদ ও কস্টের সম্মুখীন হতে হয় এবং পূর্ববতী নবীগণ যেসব কন্ট সহ্য করেছেন, সেগুলো মহানবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম-এর জানা থাকা দরকার যাতে তিনি পূর্ব থেকেই এসব বিপদাপদের জন্য প্রস্তুত হয়ে অবিচল থাকতে পারেন। যেমন, অন্য এক আয়াতে বলা হয়েছেঃ (وَكُلًّا نَقُص عُلَيْكَ مِنْ أَنْبَاءِ الرُّسُلِ مَا نُثَبِّتُ بِهِ فُوَّادَك) অর্থাৎ ''আমি নবীগণের এমন কাহিনী আপনার কাছে এজন্য বর্ণনা করি, যাতে আপনার অন্তর সুদৃঢ় হয়।" [সূরা হুদঃ ১২০]

তাফসীরে জাকারিয়া

(৯) মূসার বৃত্তান্ত তোমার কাছে পৌঁছেছে কি?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2357

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন